# সাহাবুদ্দিনসহ ২০ জনের বিরুদ্ধে দুদকের তদন্ত প্রতিবেদন ২০ জানুয়ারি



সাবেক রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। ছবি: সংগৃহীত

ব্রিলিয়ান্ট বিজনেস কোম্পানি লিমিটেডের নামে ২৫১ কোটি টাকার শেয়ার অধিগ্রহণে দুর্নীতি ও অর্থ আত্মসাতের অভিযোগে সাবেক রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনসহ ২০ জনের বিরুদ্ধে তদন্ত প্রতিবেদন দাখিলের তারিখ আগামী বছরের ২০ জানুয়ারি নির্ধারণ করেছেন আদালত।

মঙ্গলবার (২৭ অক্টোবর) ঢাকার মহানগর সিনিয়র স্পেশাল জজ মো. শাহজাহান কবিরের আদালতে প্রতিবেদন জমা দেওয়ার দিন থাকলেও দুর্নীতি দমন কমিশন (দুদক) তা দাখিল করতে পারেনি। পরে আদালত নতুন তারিখ নির্ধারণ করেন।

মামলাটি ২০২৫ সালের ৪ সেপ্টেম্বর ইসলামী ব্যাংকের সিনিয়র অফিসার মো. আবদুচ ছামাদের আবেদনের পরিপ্রেক্ষিতে শুরু হয়। আদালত সেদিন দুদককে অভিযোগ তদন্তের নির্দেশ দেন।

মামলার অভিযোগে বলা হয়, ব্রিলিয়ান্ট বিজনেস কোম্পানি লিমিটেড ইসলামী ব্যাংকের ৭ কোটি ৭৫ লাখ ৩৬ হাজার ৩৯৩টি শেয়ার, অর্থাৎ মোট শেয়ারের ৪ দশমিক ৮১৬০ শতাংশ, ২৫১ কোটি টাকায় অধিগ্রহণ করে। অথচ প্রতিষ্ঠানটির পরিশোধিত মূলধন ছিল মাত্র ৮ লাখ টাকা।

অভিযোগে আরও বলা হয়, এস আলম গ্রুপ-সংশ্লিষ্ট ২৪টি কোম্পানি সম্মিলিতভাবে ইসলামী ব্যাংকের ৮১ দশমিক ৯২ শতাংশ শেয়ার অধিগ্রহণ করে। শেয়ার লেনদেনের তারিখ ও অর্থের উৎস নিয়ে প্রশ্ন তুলে অভিযোগকারী পক্ষ দাবি করেছে, পরিকল্পিতভাবে ব্যাংকটির নিয়ন্ত্রণ নেওয়া এবং আর্থিক অনিয়মের মাধ্যমে লাভবান হওয়ার চেষ্টা করা হয়েছে।

মামলার অন্য আসামিদের মধ্যে রয়েছেন এস আলম গ্রুপের চেয়ারম্যান মোহাম্মদ সাইফুল আলম এবং ইসলামী ব্যাংকের একাধিক সাবেক ও বর্তমান পরিচালক। এসব অভিযোগের বিষয়ে তদন্ত প্রতিবেদন এখনও আদালতে জমা পড়েনি।